



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ

নং-

তারিখ : ১২/০৫/২০২৪

বিজ্ঞপ্তি
(বিষয়: হোস্টেলে ভর্তি)

বেগম রোকেয়া হল ও তাপসী রাবেয়া হলের কিছু সংখ্যক শূন্য আসনের বিপরীতে শিক্ষার্থী ভর্তি করা হবে। অত্র কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হলো।
নির্দেশনা ও নিয়মাবলী:

১. আবেদনপত্র সংগ্রহ ও জমার তারিখ: ১৩/০৫/২০২৪ থেকে ২৩/০৫/২০২৪ পর্যন্ত। (যোগাযোগ: জনাব নীলুফার ইয়াসমীন, মেট্রন, মোবাইল: ০১৭৩৮-৭৩৪৭৩২)
২. আবেদন ফরমের মূল্য ১০০ টাকা। আবেদনপত্র সংগ্রহ ও জমাদানের স্থান: তাপসী রাবেয়া হলের অফিস-কক্ষ। (এখানে বেগম রোকেয়া হল এবং তাপসী রাবেয়া হল উভয় হলের আবেদন ফরম পাওয়া যাবে। উল্লেখ্য যে, বেগম রোকেয়া হলের জন্য একাদশসহ অনার্স-মাস্টার্স শ্রেণির শিক্ষার্থী এবং তাপসী রাবেয়া হলের জন্য শুধু অনার্স-মাস্টার্স শ্রেণির শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।)
৩. একজন শিক্ষার্থী যেকোন একটি হোস্টেলের জন্য আবেদন করতে পারবে।
৪. আবেদনকারীর যোগ্যতা: দ্বাদশ ও অনার্স ১ম বর্ষ শ্রেণি ব্যতীত সকল শ্রেণির শিক্ষার্থী আবেদন করতে পারবে।
৫. শিক্ষার্থী তার আবেদন ফরম স্বহস্তে পূরণ করে আবেদনপত্রের সাথে ১ (এক) কপি পাসপোর্ট সাইজ ছবি ও পূর্ববর্তী বছরের পরীক্ষার নম্বরপত্র জমা দিতে হবে। (একাদশ শ্রেণির ছাত্রীদের জন্য এসএসসি নম্বরপত্র, অনার্স ২য় বর্ষ ছাত্রীদের ১ম বর্ষের নম্বরপত্র, ৩য় বর্ষের ছাত্রীদের ২য় বর্ষের নম্বরপত্র জমা দিতে হবে। এক্ষেত্রে বিভাগের নম্বরপত্রও গ্রহণযোগ্য হবে।)
৬. আবেদনকারীদের সাক্ষাৎকারের স্থান ও তারিখ: বেগম রোকেয়া হল অফিসকক্ষ, ২৬/০৫/২০২৪ ইং রবিবার দুপুর ১২:০০ টায়।
৭. সাক্ষাৎকারের মাধ্যমে মনোনীত শিক্ষার্থীদেরকে হোস্টেল অফিস থেকে টাকা জমার রশিদ সংগ্রহ করে তা পূরণপূর্বক জনতা ব্যাংক মহিলা শাখায় নির্ধারিত ফি জমা দিতে হবে।
৮. হোস্টেলের ভর্তি ফি: ৮০০০/-

প্রতি স্বাক্ষরিত

অধ্যক্ষ

১২.০৫.২৪
হোস্টেল সুপার

১২/০৫/২০২৪
হোস্টেল সুপার

মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ

বেগম রোকেয়া হল
মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ

তাপসী রাবেয়া হল
মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ